**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪২ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক প্রকল্পের সূচনা, উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, "প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনা' এবং 'ডাল জাতীয় ফসলে আত্মনির্ভরতার মিশন দেশের ভাগ্য পরিবর্তন করবে |**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ আহমেদাবাদে গুজরাট বিদ্যাপীঠের ৭১তম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেন।**

**(৪) মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডা: মানিক সাহা এবছর শান্তিপূর্ণভাবে শারদ উৎসব সম্পন্ন হওয়ায় রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন।**

*****************************************

**PM Dhan Dhaanya Krishi Yojana & Mission for Aatmanirbharta in Pulses :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে ভারতীয় কৃষি গবেষণা ইনস্টিটিউটে আয়োজিত এক অনুষ্ঠানে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪২ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক প্রকল্পের সূচনা, উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী  কৃষিক্ষেত্রে দুটি প্রধান উদ্যোগ, 'প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনা' এবং 'ডাল জাতীয় ফসলে আত্মনির্ভরতা মিশনের' সূচনা করেন। এর জন্য ৩৫ হাজার কোটি টাকারও বেশি ব্যয় ধার্য্য করা হয়েছে।

নির্বাচিত ১০০টি জেলায় কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি, ফসল বৈচিত্র্য এবং সুস্থায়ী কৃষি পদ্ধতি গ্রহণ বৃদ্ধি, সেচ সুবিধা উন্নত করা এবং দীর্ঘমেয়াদী

ও স্বল্পমেয়াদী ঋণের সহজলভ্যতা নিশ্চিত করার লক্ষ্যে ২৪ হাজার কোটি টাকা ব্যয়ে প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনা চালু করা হয়েছে।

ডালজাত পণ্যের আত্মনির্ভরতা মিশন ১১ হাজার ৪৪০ কোটি টাকা ব্যয়ে চালু করা হয়েছে। এর লক্ষ্য ডালের উৎপাদনশীলতা বৃদ্ধি, ডাল চাষের আওতাধীন এলাকা সম্প্রসারণ, মূল্য শৃঙ্খল-সংগ্রহ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ - শক্তিশালী করা এবং ক্ষতি হ্রাস নিশ্চিত করা।

এই অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী কৃষি, পশুপালন, মৎস্য ও খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রে ৫,৪৫০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পের উদ্বোধন ও জাতির উদ্দেশে উৎসর্গ করেন, একই সঙ্গে প্রায় ৮১৫ কোটি টাকার অতিরিক্ত প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই উপলক্ষে জনসমাবেশে প্রধানমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনা' এবং 'ডাল শস্যে আত্মনির্ভরতা মিশন' এই প্রকল্পগুলি দেশের লক্ষ লক্ষ কৃষকের ভাগ্য বদলে দেবে। তিনি বলেন, একবিংশ শতাব্দীর ভারতের দ্রুত উন্নয়নের জন্য দেশের কৃষি ব্যবস্থায় সংস্কার অপরিহার্য ছিল এবং এটি ২০১৪ সালে শুরু হয়েছিল।

এনডিএ শাসনকালের সাফল্য তুলে ধরে শ্রী মোদী বলেন, গত এগারো বছরে ভারতের কৃষি রপ্তানি প্রায় দ্বিগুণ হয়েছে, খাদ্যশস্য উৎপাদন প্রায় ৯০ মিলিয়ন মেট্রিক টন বৃদ্ধি পেয়েছে, অন্যদিকে ফল ও সবজির উৎপাদন ৬৪০ লক্ষ মেট্রিক টনেরও বেশি বৃদ্ধি পেয়েছে। শ্রী মোদী বলেন, ভারত আজ দুধ উৎপাদনে বিশ্বে এক নম্বরে রয়েছে এবং ভারত বিশ্বব্যাপী দ্বিতীয় বৃহত্তম মাছ উৎপাদনকারী দেশ। তিনি আরও জানান যে দেশে ছয়টি নতুন সার কোম্পানি স্থাপন করা হয়েছে এবং গত ১১ বছরে কৃষকদের মধ্যে ২৫ কোটি মৃত্তিকা স্বাস্থ্য কার্ড বিতরণ করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন যে এনডিএ সরকারের অধীনে কৃষি বাজেট ৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং জিএসটি হ্রাস গ্রামীণ ভারত এবং কৃষকদের সর্বাধিক সুবিধা প্রদান করেছে। প্রধানমন্ত্রী গম ও ধানের বাইরেও ফসলের বৈচিত্র্য আনার জন্য কৃষকদের প্রতি আহ্বান জানান, প্রোটিন সুরক্ষা নিশ্চিত করার জন্য ডালের উপর জোর দিতে বলেন তিনি।

######Byte-PM#####

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে জিএসটি সংস্কারে, সরকার কৃষি সরঞ্জামের উপর জিএসটি হার কমিয়ে কৃষকদের স্বস্তি দিয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী সর্বদা কৃষকদের স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন।

*****************************

**PM Dhan Dhaanya Krishi Yojana & Mission for Aatmanirbharta in Pulses-State :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ অরুন্ধতীনগরে রাজ্য কৃষি গবেষণা কেন্দ্র থেকে ভার্চুয়াল ভাবে "প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনা' এবং 'ডাল জাতীয় ফসলে আত্মনির্ভরতার মিশনের' সূচনা অনুষ্ঠান শোনেন। মুখ্যমন্ত্রী বলেন, এই দুটি গুরুত্বপূর্ণ প্রকল্প দেশের ভাগ্য পরিবর্তন করবে। এই প্রকল্পগুলির ফলে দেশের  এক কোটি ৭০ লক্ষের বেশি অন্নদাতা কৃষক লাভবান হবেন। মুখ্যমন্ত্রী আরও বলেন, উত্তর ত্রিপুরা জেলাকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। এরফলে ৫৯ হাজার ৫১৭ জন কৃষক লাভবান হবেন।

তিনি বলেন, কৃষিক্ষেত্রে যেসব অঞ্চলে উৎপাদন কম এবং কৃষিজীবীর সংখ্যা তুলনামূলকভাবে কম সেইসব এলাকাকে কৃষিতে আত্মনির্ভর করে তোলা-ই এই প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রধানমন্ত্রীর সূচনা করা আজকের এই প্রকল্পগুলি এখন থেকে ২০৩০-৩১ অর্থবছর পর্যন্ত চলবে। ১১টি দপ্তরকে যুক্ত করে এই প্রকল্পগুলি বাস্তবায়িত হবে।

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেন, বর্তমানে রাজ্যে দক্ষিণ, সিপাহিজলা ও গোমতী জেলা খাদ্যশস্যে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠেছে। তিনি জানান সারা দেশে ধান উৎপাদনে ত্রিপুরা ষষ্ঠ স্থানে রয়েছে। তিনি বলেন, আগামী তিন বছরের মধ্যে রাজ্য আলু ও পেঁয়াজ উৎপাদনেও স্বয়ংসম্পূর্ণ হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মীনারাণী সরকার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল প্রমুখ।

এ উপলক্ষ্যে গোমতি জেলার মূল অনুষ্ঠানটি হয় অমরপুর কৃষি তত্ত্বাবধায়ক অফিসের কনফারেন্স হলে। জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্র আয়োজিত এই

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দেবনাথ, অমরপুর ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান রবিত্র মোহন জমাতিয়া, অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্শন সুচিত্রা দাস প্রমুখ।

বীরচন্দ্রমনুতে দক্ষিন জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্র, কৃষি দপ্তরে দক্ষিণ জেলার উপ-অধিকর্তার অফিস ও জেলার ৮টি কৃষি মহকুমা অফিসেও এ উপলক্ষ্যে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কৈলাশহরের কৃষিবিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে চন্ডীপুর ব্লকের মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল, KVK'র বরিষ্ঠ বিজ্ঞানী ডক্টর জয়শ্রী দত্ত প্রমুখ। এই অনুষ্ঠানে কৃষকদের মধ্যে বিভিন্ন জাতের সবজি'র বীজ বিতরণ করা হয়।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**President in Gujarat :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ আহমেদাবাদে গুজরাট বিদ্যাপীঠের ৭১তম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি গুজরাট বিদ্যাপীঠকে জাতি গঠন এবং আত্মনির্ভরতার জীবন্ত আদর্শের একটি ঐতিহাসিক প্রতীক হিসেবে বর্ণনা করেন। তিনি বলেন, গুজরাট বিদ্যাপীঠের প্রাঙ্গন আমাদের স্বাধীনতা সংগ্রামের আদর্শের পবিত্র ভূমি। তিনি মহাত্মা গান্ধীর পবিত্র স্মৃতির প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

তিনি ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার অঙ্গীকার গ্রহণের পরামর্শ দেন। তিনি বলেন যে ভারতকে স্বনির্ভর করে তোলা আমাদের জাতীয় অগ্রাধিকার এবং জাতীয় স্বদেশী অভিযানে সক্রিয় ভূমিকা পালন করার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষা হলো সামাজিক পুনর্গঠনের সবচেয়ে কার্যকর মাধ্যম। তিনি উল্লেখ করেন যে, চরিত্র গঠন এবং নৈতিক মূল্যবোধের বিকাশ হল শিক্ষার মূল লক্ষ্য। এর আগে রাষ্ট্রপতি গুজরাটের দ্বারকায় দ্বারকাধীশ মন্দিরে দর্শন ও আরতি করেন।

***************************

**CM-Sarod Utsav :**

মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডা: মানিক সাহা এবছর শান্তিপূর্ণভাবে শারদ উৎসব সম্পন্ন হওয়ায় রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন এবারের পূজোতে চিন্তা ও মননের উদ্ভাস দেখা গেছে। সংস্কৃতি চর্চা বেড়েছে যা আগামী প্রজন্মকে উৎসাহিত করবে। আজ তথ্যসংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে শারদ সম্মান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী আরও বলেন আগামী দিনে মণ্ডপ, মূর্তি ও আলোক সজ্জায় যাতে রাজ্যের শিল্পী ও কলাকুশলীরাই অংশ নিতে পারেন তার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়টিও সরকার গুরুত্ব দিয়ে দেখছে। প্রধানমন্ত্রী দক্ষতা বৃদ্ধি ও লোকাল ফর ভোকাল এই বিষয়টি উপর গুরুত্ব দিয়েই সরকার এই পদক্ষেপ গ্রহণ করার উদ্যোগ নিয়েছে। এবারের পুজোতেও জাতি জনজাতির মেলবন্ধনের উচ্ছাস উদ্দীপনা লক্ষ্য

করা গেছে। গতবছর থেকে এবারের পূজোর সংখ্যা বেড়েছে। সরকারের আবেদনে ক্লাব ও সামাজিক সংস্থাগুলি সাড়া দেওয়ায় সংযোগ আরো সুদৃঢ় হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, দপ্তরের সচিব প্রদীপ চক্রবর্তী, অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগে শারদ উৎসবে অংশগ্রহণকারী রাজ্যের বিভিন্ন ক্লাব ও সামাজিক সংস্থাকে পুরস্কৃত করা হয়।

****************************

**Package Story–Vikshit Bharat Buildathan Spotlight :**

সারাদেশে স্কুল পড়ুয়াদের মধ্যে উদ্ভাবনী পদক্ষেপ, সৃজনশীলতা এবং বিভিন্ন ধরনের সমস্যা সমাধানে অগ্রণী ভূমিকা নিতে উৎসাহ দেবার লক্ষ্যে চলতি বছরের সেপ্টেম্বর মাসে বিকশিত ভারত বিল্ডাথন–২০২৫ এর সূচনা করেছেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। উন্নত ভারতের লক্ষ্যপূরণে এই কর্মসূচি শুরু করে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের বিদ্যালয় শিক্ষা ও সাক্ষরতা বিভাগ ডি.ও.এস.ই.এল। আগামী ১৩ই অক্টোবরের স্পটলাইট কর্মসূচিতে যোগদানের লক্ষ্যে ব্যাপক প্রস্তুতি চলছে। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC#####

**************************